**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

নং-১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০১১. ৭৯৬ তারিখ : ২৫/৪/১৬ খ্রিঃ

সম্মানিত সদস্যগণের সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য গত ৩০/০৩/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি এর ৮২ তম সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো ।

সংযুক্ত : ৫...... পৃষ্ঠা।

২৫/৪/১৬
(এস. এম. সিরাজুল ইসলাম)
পরিচালক
ও
সদস্য সচিব
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড
ই-মেইলঃ dir@sca.gov. bd

বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১। | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা -১২১৫। | সভাপতি |
| ২। | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ৩। | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান,কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর। | সদস্য |
| ৪। | পরিচালক, (গবেষণা) বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |
| ৫। | পরিচালক (সরেজমিন) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৬। | পরিচালক (কৃষি) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৭। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৮। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৯। | সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১০। | মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। | সদস্য |
| ১১। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১২। | প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০। | সদস্য |
| ১৩। | কটন এগ্রোনামিষ্ট, তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর। | সদস্য |
| ১৪। | সভাপতি বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ ছিদ্দিক বাজার ১ম ফ্লোর, সিটি ষ্টেইট এনএ, জীপ কোড, ১০০০, ঢাকা। | সদস্য |
| ১৫। | জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ৫/৩ এ মনিপুরী পাড়া, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১৬। | -------------------------------------------------------------------- । | |

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপিঃ

মহা-পরিচালক, বীজ উইং ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

D.Drive Forwarding TCM Meeting Copy-35

# কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৮২ তম সভার কার্যবিবরণী

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৮২ তম সভা ৩০ মার্চ, ২০১৬ সকাল ১০.০০ ঘটিকায় ডঃ আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয় । সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য জনাব এস. এম.সিরাজুল ইসলাম পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড, গাজীপুরকে অনুরোধ জানান। পরিচালক মহোদয় জনাব মোঃ নাসির উদ্দিন উপপরিচালক (মান নিয়ন্ত্রণ),বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্য, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেয়া হলো।

**আলোচ্য বিষয় ১: কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভার ৮১ (১) তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভা ৮১(১) তম সভা ১১ জানুয়ারী, ২০১৬ সকাল ১০.৩০ ঘটিকায় ডঃ আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসির ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর ০২/০২/২০১৫ খ্রিঃ তারিখের ১৫৮(২০) সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। সভায় জনাব মোঃ শাহজাহান আলী, সীড টেকনোলোজিস্ট, কার্যবিবরনীর **আলোচ্য বিষয় ৩:Seed Health Standard** নির্ধারণের জন্য গঠিত উপকমিটিতে জনাব ডঃ মোঃ শামসুর রহমান এর নাম রাখার প্রস্তাব করেন। সভাপতি মহোদয় এ ব্যাপারে সম্মতি জ্ঞাপন করেন। আর কোন সদস্যের নিকট থেকে কোন মন্তব্য বা মতামত না পাওয়ায় অদ্যকার সভায় ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী পরিসমর্থনের পক্ষে মতামত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত ঃ কারিগরি কমিটি, জাতীয় বীজ বোড এর্র ৮১(১)তম সভার কার্যবিবরণীটি (সংশোধনীসহ) সর্ব সম্মতিক্রমে পরিসমর্থিত হলো।**

## আলোচ্য বিষয় ২: আমন/২০১৫-১৬ মৌসুমে হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

জনাব মোঃ নাসির উদ্দিন, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী গাজীপুর জানান, আমন/২০১৫-১৬ মৌসুমে ১০টি বীজ কোম্পানী /প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য মোট ১৮টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছে। তিনি পাওয়ার পয়েন্টের মাধ্যমে নিম্নের ছক মোতাবেক উপস্থাপন করেন।

**১ম বর্ষ =০৯ টি**

| Sl. No. | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| ১ | ACI -4(BR-310) | এসি আই লিমিটেড | চায়না | ১ম বর্ষ |
| ২ | ACI-444(Winall-14) | এসি আই লিমিটেড | চায়না | ১ম বর্ষ |
| ৩ | ব্রিহাইব্রিড ধান ৬ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ব্রি গাজীপুর | ১ম বর্ষ |
| ৪ | Win-506 | Winall Hi-Tech Seed Company Ltd. | চায়না | ১ম বর্ষ |
| ৫ | Win-208 | Winall Hi-Tech Seed Company Ltd. | চায়না | ১ম বর্ষ |
| ৬ | Babylon Hybrid Dhan-5 (KPH-2) | BABYLON Agriscience Ltd. | ভারত | ১ম বর্ষ |
| ৭ | Babylon Hybrid Dhan-4 (KPH-1) | BABYLON Agriscience Ltd. | ভারত | ১ম বর্ষ |
| ৮ | Lal Teer Hybrid Dhan-11 | লাল তীর সীড লিমিটেড | নিজস্ব | ১ম বর্ষ |
| ৯ | Lal Teer Hybrid Dhan-12 | লাল তীর সীড লিমিটেড | নিজস্ব | ১ম বর্ষ |

২য় বর্ষ = ৬টি

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | অ্যারাইজ আইএনএইচ১৩১৪১(বায়ার হাইব্রিড -৬) | বায়ার ক্রপস | ভারত | ২য় বর্ষ |
| ২ | আমন হাইব্রিড হীরা-১৬ | সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড | চায়না | ২য় বর্ষ |
| ৩ | MJ0031 | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | চায়না | ২য় বর্ষ |
| ৪ | MJ0032 | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | চায়না | ২য় বর্ষ |
| ৫ | MJ0033 | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | চায়না | ২য় বর্ষ |
| ৬ | BU সুগন্ধি হাইব্রিড ধান-১ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর | নিজস্ব | ২য় বর্ষ |

পুন: ট্রায়াল= ৩টি

| Sl. No. | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| ১ | এগ্রোধান-১৬ (Pioneer 25P35) | পেট্রোকেম বাংলাদেশ লিমিটেড | ভারত | পূন: |
| ২ | "এগ্রোধান-১২ (Pioneer 27P31)" | পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ভারত | পূন: |
| ৩ | BADC Hybrid Rice-2 (Win-207) | Winall Hi-Tech Seed Company Ltd. | চায়না | পূন: |

উপপরিচালক (মান নিয়ন্ত্রণ) আরো জানান, উক্ত ১৮টি হাইব্রিড জাতের সাথে ২টি চেকজাতসহ মোট ২০টি জাত ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয় (H-১০৫৮ থেকে H-১০৭৭ মোট ২০টি)। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসারগন ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হলো । গোপনীয় কোড উন্মুক্ত করার জন্য অদ্যকার সভার সভাপতি কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড মহোদয়কে অনুরোধ জানানো হয়। সকল সদস্যবৃন্দের সামনে গোপনীয় কোড উন্মুক্ত করা হয়। প্রয়োজনীয় Calculation এর পর সভাপতি মহোদয় বিভিন্ন কোম্পানীর ট্রায়াললব্ধ ফলাফল প্রকাশ করেন।

২য় বর্ষের চূড়ান্ত ফলাফল নিম্নের ছকে প্রকাশ করা হয়।

| ক্র.নং | প্রস্তাবিত জাতের নাম | উৎস | জীবনকাল(দিন) | গড় ফলন (টন/হে:) | যে সকল অঞ্চলে উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| ১ | অ্যারাইজ আইএনএইচ১৩১৪১(বায়ার হাইব্রিড -৬) | ভারত | ১১৪-১২৭ | ৫.৮ | চট্টগ্রাম, রাজশাহী |
| ২ | আমন হাইব্রিড হীরা-১৬ | চায়না | ১০৭-১২৪ | ৫.৫ | খুলনা ,রাজশাহী |
| ৩ | MJ0031 | চায়না | ১০৮-১২৭ | ৫.২ | ঢাকা, বরিশাল, খুলনা ,রাজশাহী |
| ৪ | MJ0032 | চায়না | ১০৮-১২৪ | ৫.৫ | ঢাকা, বরিশাল, চট্টগ্রাম,খুলনা ,রাজশাহী |
| ৫ | BU সুগন্ধি হাইব্রিড ধান-১ | নিজস্ব | ১০৭-১২৭ | ৪.০ | বরিশাল, চট্টগ্রাম,খুলনা ,রাজশাহী |

পুনঃ ট্রায়াল= ২টি

| ক্র.নঃ | প্রস্তাবিত জাতের নাম | উৎস | জীবনকাল(দিন) | ফলন (টন/হেঃ) | যে সকল অঞ্চলে উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| ১ | এগ্রোধান-১৬ (Pioneer 25P35) | ভারত | ১১০-১২২ | ৪.৯ | বরিশাল, চট্টগ্রাম, খুলনা |
| ২ | BADC Hybrid Rice-2 (Win-207) | চায়না | ১০৬-১২০ | ৫.৪ | বরিশাল, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী,রংপুর |

হাইব্রিড বীজ কোম্পানীর পক্ষ থেকে জনাব মাহবুব আনাম, ব্যবস্থাপনা পরিচালক, লালতীর সীড লিঃ জানান যে, আমন/২০১৫-১৬ মৌসুমে সম্পাদিত ট্রায়াল বর্তমানে সংশোধিত হাইব্রিড জাত মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতি অনুমোদিত হওয়ার আগেই সম্পন্ন হয়েছে। পূনঃ ট্রায়ালের ৩টি জাতও পরীক্ষাধীন ছিল, যার ফলাফলও জানানোর বিষয় আছে। তাই অদ্যকার ফলাফল পূর্বের পদ্ধতি অনুযায়ী ঘোষনা করার অনুরোধ জানান। জনাব মোঃ শাহজাহান আলী বলেন, সংশোধিত পদ্ধতিটি এখনও গেজেট আকারে প্রকাশিত হয়নি। তাই গেজেট নোটিফিকেশন হওয়ার পর বর্তমান পদ্ধতি কার্যকর করা প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি মহোদয় বীজ উইং, কৃষি মন্ত্রণালয়ের মতামত জানতে চাইলে জনাব মানিক চন্দ্র কর্মকার, সহকারী বীজতত্ববিদ জানান, গেজেট নোটিফিকেশন না হলেও জাতীয় বীজ বোর্ডের অনুমোদন কার্যকর করা যায়। পরিশেষে, বিস্তারিত আলোচনার পর সকল সদস্যগণের মতামতের প্রেক্ষিতে সভাপতি মহোদয় জাতীয় বীজ বোর্ডের মাধ্যমেই চুড়ান্ত ফলাফলের সিদ্ধান্ত নেওয়ার সুপারিশ করেন। ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ আমন মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্মে উভয় ক্ষেত্রে চেক জাত থেকে দুই বছরের গড় ফলন, দুইটি স্থানে এবং দুইয়ের অধিক স্থানে ২০% বা তার বেশী হওয়া সাপেক্ষে পূর্ব অনুমোদিত পদ্ধতি অনুসারে নিম্নবর্ণিক জাত গুলোকে সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো। কিন্তু বর্তমান অনুমোদিত পদ্ধতিতে তিনটি স্থানে হেটারোসিস ২০% বা তার বেশী হওয়ার শর্ত রয়েছে। এ ব্যাপারে জাতীয় বীজ বোর্ড চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত ১ঃ**

১.১ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর MJ0031 জাতটি বিএডিসি হাইব্রিড ধান-৪ হিসেবে ঢাকা, বরিশাল. খুলনা ও রাজশাহী ৪টি অঞ্চলে নিবন্ধনেরযোগ্য হওয়ায় আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য সুপারিশ করা হয়। ((১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ ৯৮৮ ও এইচ ১০৭৩)।

১.২ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর MJ0032 জাতটি বিএডিসি হাইব্রিড ধান-৬ হিসেবে ঢাকা, বরিশাল. চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী ৫টি অঞ্চলে নিবন্ধনেরযোগ্য হওয়ায় আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য সুপারিশ করা হয়। ((১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ ৯৮৬ ও এইচ ১০৫৯)।

১.৩ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর এর BU সুগন্ধি হাইব্রিড ধান-১ হিসেবে, বরিশাল, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী ৪টি অঞ্চলে নিবন্ধনেরযোগ্য হওয়ায় আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য সুপারিশ করা হয়। (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ-৯৯৭ ও এইচ-১০৭২)।

**সিদ্ধান্ত ২ঃ**

**বায়ার ক্রপস সায়েন্স লিমিটেড এর অ্যারাইজ আইএনএইচ ১৩১৪১ (বায়ার হাইব্রিড -৬) এবং সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড এর আমন হাইব্রিড হীরা-১৬ (সুপ্রীম হাইব্রিড ধান-১৬) জাত দুটি, দুই অঞ্চলে হেটারোসিস ২০% বা তার বেশী হওয়ায় নিবন্ধনের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

**সিদ্ধান্ত ৩ঃ জাতীয় বীজ বোর্ডের ৭০ তম সভার সিদ্ধান্ত অনুসরনে পুনঃ ট্রায়ালের ক্ষেত্রে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত জাতগুলি অনষ্টেশন ও অনফার্মে উভয় ক্ষেত্রে দুই বছরের (Best Two years) গড় ফলন বিবেচনায় এনে চেক জাত থেকে ২০% বা তার বেশী হওয়ায় নিম্নবর্ণিত জাতগুলোকে অঞ্চলভিত্তিক সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলঃ**

৩.১ পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেড এর এগ্রোধান-১৬ (Pioneer 25P35), পেট্রোকেম হাইব্রিড এগ্রোধান-১৬ (Pioneer 25P35),হিসেবে বরিশাল, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে আমন মৌসুমে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ-৯৩০ ও এইচ-১০৬৮) ইতিপূর্বে ময়মনসিংহ, যশোর ও রাজশাহী অঞ্চলে নিবন্ধন করা হয়েছে।

৩.২ Winall Hi-Tech Seed Company Ltd. এর বিএডিসি হাইব্রিড ধান-২ (Win-207) হিসেবে বরিশাল, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর অঞ্চলে আমন মৌসুমে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ-৯৩০ ও এইচ-১০৬৯)। ইতিপূর্বে ময়মনসিংহ, যশোর ও রাজশাহী অঞ্চলে নিবন্ধন করা হয়েছে।

**শর্ত ১** ঃ প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে। শুধু মাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে। এবং প্যাকেটের গায়ে কোন্ অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।
**শর্ত ২** ঃ যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে নামেই( প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজার জাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।
**শর্ত ৩** ঃ বীজের গুনাগুন পরীক্ষার নিমিত্তে Supplying কোম্পানীর সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানীর সম্পাদিত MOU ও Port Arrival Report বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহ করতে হবে।
**শর্ত ৪** ঃ জাতীয় বীজ বোর্ডের ৭৫ তম সভার আলোচ্যসূচী ৫(ঘ) এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানীর নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বানিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।

## আলোচ্য বিষয় ৩ঃ আউশ/২০১৫-২০১৬ মৌসুমে হাইব্রিড ধানের ১ বছরের ফলাফল প্রকাশ।

জনাব মোঃ নাসির উদ্দিন, মাননিয়ন্ত্রণ কর্মকর্তা জানান যে, প্রথম বারের মত আউশ /২০১৪-১৫ মৌসুমে আঞ্চলিক পর্যায়ে হাইব্রিড জাতের ট্রায়াল শুরু করা হয়। এ প্রেক্ষিতে ৩টি বীজ কোম্পানী /প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য মোট ৩টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছেন। যা নিম্ন ছকে প্রদর্শন করা হলো।

| Sl. No. | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 1 | হীরা-০২ (H.S-273) | Supreme Seed Company Ltd. | China | 1st Year |
| 2 | হীরা-৫১ (SSCL-809) | Supreme Seed Company Ltd. | নিজস্ব উদ্ভাবিত | 1st Year |
| 3 | BERASKU | BADC | China | 1st Year |

উক্ত ৩টি হাইব্রিড জাতের সাথে ১টি চেকজাতসহ মোট ৪টি জাত ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয় (H-১০৫৪ থেকে H-১০৫৭ মোট ৪টি)। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হলো । গোপনীয় কোড উন্মুক্ত করার জন্য সভাপতি কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড মহোদয়কে অনুরোধ জানান। সকল সদস্যবৃন্দের সামনে গোপনীয় কোড উন্মুক্ত করা হয়। সভাপতি মহোদয় বিভিন্ন কোম্পানীর ট্রায়াললব্ধ এক বছরের ফলাফল প্রকাশ করেন। পরবর্তীতে আউশ ২০১৫-১৬ মৌসুমে আঞ্চলিক পর্যায়ে ট্রায়াল বাস্তবায়ন পূর্বক ২ বছরের গড় ফলন ২০% বা তার বেশী হওয়া সাপেক্ষে চুড়ান্ত ফলাফল ঘোষনা করা হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

| Sl. No. | Code no. | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|---|
| 1 | H-1054 | BERASKU | BADC | China | 1st Year |
| 2 | H-1055 | হীরা-০২ (H.S-273) | Supreme Seed Company Ltd. | China | 1st Year |
| 3 | H-1056 | BRRI dhan48 | BRRI | নিজস্ব উদ্ভাবিত | Check |
| 4 | H-1057 | হীরা-৫১ (SSCL-809) | Supreme Seed Company Ltd. | নিজস্ব উদ্ভাবিত | 1st Year |

**সিদ্ধান্তঃ পরবর্তীতে আউশ ২০১৫-১৬ মৌসুমে আঞ্চলিক পর্যায়ে ট্রায়াল বাস্তবায়ন পূর্বক ২ বছরের গড় ফলন ২০% বা তার বেশী হওয়া সাপেক্ষে চূড়ান্ত ফলাফল ঘোষনা করা হবে ।**

**আলোচ্য বিষয় ৪ঃ বিএসআরআই এর ১টি নতুন জাত বিএসআরআই আখ-৪৫ হিসেবে অনুমোদন।**

উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, বাংলাদেশ সুগারক্রপ ইন্সটিটিউট ঈশ্বরদীর পক্ষ থেকে প্রস্তাবিত কৌলিক সারিটির মাঠ মূল্যায়নের নিম্ন বর্নিত ফলাফল সমস্ত সদস্যবৃন্দের সামনে উপস্থাপন করেন।

বিএসআরআই এর বর্ণণা মতে প্রস্তাবিত কৌলিক সারিটি ২০০৫ সালে ঈশ্বরদী ১৯ জাতের সাথে পিওজে ২৮৭৮ ক্লোন এর সংকরায়নের মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। অত:পর বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার পর ২০১৫ সালে চুড়ান্ত ভাবে বাছাই করা হয়। প্রস্তাবিত সারির কান্ড (stalk) লম্বা, সোজা ও মধ্যম আকারের এবং হলুদাভ সবুজ। পর্ব মধ্য (internode) সিলিন্ডার (Conoidal) আকৃতির । কান্ড মাঝারি শক্ত এবং নিরেট। চোখ (bud) মধ্যম ও ডিম্বাকৃতির (Oval) এবং পরিপক্ক চোখের উপরের অংশ গ্রোথরিং (growth ring) স্পর্শ করে থাকে । এ জাতের ইক্ষুতে ফুল দেখা যায় । পরীক্ষা নিরীক্ষায় দেখা গেছে যে, অক্টোবরের প্রথম সপ্তাহ হতে এ জাতের ইক্ষুতে চিনি ধারণ ক্ষমতা ক্রমশঃ বাড়তে থাকে এবং জানুয়ারী মাসে সবচেয়ে বেশী বৃদ্ধি পায়। জাতটির গড় পোল % cane (আখে বিদ্যমান চিনির পরিমাণ)ইক্ষু জাত ঈশ্বরদী ৩৯ এর চেয়ে কিছুটা বেশী। জাতটি খরা, বন্যা, লবণাক্ততা ও জলাবদ্ধতা সহিষ্ণু । কৃত্রিম পরীক্ষায় দেখা গেছে যে, এ জাতটি রোগ বালাই প্রতিরোধ ক্ষমতার দিক থেকে মানদন্ড হিসেবে ব্যবহৃত ঈশ্বরদী ৩৯ এর মত লাল পচা ও স্মাট রোগ প্রতিরোধী ক্ষমতাসম্পন্ন। তবে পাইনএ্যাপল রোগের প্রতি মাঝারী ধরনের প্রতিরোধী ক্ষমতাসম্পন্ন।

উক্ত জাতটি ২০১৪-১৫ মৌসুমে ঢাকা, খুলনা, রংপুর ও রাজশাহীসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ১২৯.৪৪ টন/হেঃ এবং চেকজাত Isd39 এর গড় ফলন ৯৯.৪২ টন/হেঃ পাওয়া যায়। ট্রায়ালকৃত ৬টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠমূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে।

আলোচনার শুরুতে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর প্রস্তাবিত আখের জাতটির বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য বিএসআরআই এর প্রতিনিধিকে আহবান করেন। ড. মোঃ আনিসুর রহমান,প্রধান, প্রজনন বিভাগ, বিএসআরআই পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রস্তাবিত নতুন জাত বিএসআরআই আখ-৪৫ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন । তিনি জানান জাতটি খরা, বন্যা, লবণাক্ততা ও জলাবদ্ধতা সহিষ্ণু । তিনি আরো বলেন, জাতটি লাল পচা ও স্মাট রোগ প্রতিরোধী ক্ষমতাসম্পন্ন। তাই তিনি জাতটির ছাড়করণের অনুরোধ জানান। ড. এম এ খালেক মিয়া, প্রফেসর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা ,গাজীপুর বলেন যে,জয়পুরহাট,রাজশাহীতে প্রস্তাবিত লাইনটির জীবনকাল ২৭৭দিন কিন্তু আরএআরএস ফার্ম, ঠাকুরগায়ে লাইনটির জীবনকাল ৩৮৮ দিন উল্লেখ রয়েছে। একই লাইনের জীবনকালের পার্থক্য এত বেশী হওয়া ঠিক নয়। প্রত্যেক জাতেরই একটি Particular জীবনকাল থাকা দরকার। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : (ক) কৌলিক সারিটি (১১৫৭-০৭),বিএসআরআই আখ-৪৫ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হলো।**

**(খ) প্রত্যেক আখের জাতেরই একটি Particular জীবনকাল থাকতে হবে।**

**আলোচ্য বিষয় ৫: আখ ফসলের "DUS Test Procedure" অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৭৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক আখের ডিইউএস পদ্ধতি প্রণয়ন উপকমিটি কর্তৃক কয়েকটি সভার মাধ্যমে আখের ডিইউএস টেষ্ট পদ্ধতি প্রনয়ন নীতিমালার সুপারিশ চুড়ান্ত করে । এ ব্যাপারে বিএসআরআই এর প্রতিনিধি পাওয়ার পয়েন্টের মাধ্যমে **"DUS Test Procedure"** বিস্তারিত উপস্থাপন করেন । উপস্থাপিত পদ্ধতির বিষয়ে আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে জাতীয় বীজ বোর্ডে সুপারিশের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্তঃ আখ ফসলের "DUS Test Procedure" অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।**

**আলোচ্য বিষয় ৬: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ৪টি নতুন জাত ক) HUA-565 খ) NERICA Mutant গ) BR7941-41-2-2-2-4 ঘ) BR7941-116-1-2-1 যথাক্রমে ব্রি ধান৭৫, ব্রি ধান৭৬, ব্রিধান৭৭, ব্রিধান৭৮ হিসেবে অনুমোদন।**

উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ৪টি কৌলিক সারির মাঠ মুল্যায়ন ফলাফল পাওয়ার পয়েন্টের মাধ্যমে তুলনামূলক টেবিল আকারে উপস্থাপন করেন।

| ক্র.নং | প্রস্তাবিত জাত/ লাইনের নাম | প্রতিষ্ঠানের নাম | মৌসুম | গড় জীবনকাল | গড় ফলন টন/হে | বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমণ | 'DUSTest' স্বাতন্ত্রতা | বিশেষ বৈশিষ্ট্য | মাঠ মূল্যায়ন দলের মতামত পক্ষে/ বিপক্ষে |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | **HUA565** | ব্রি | আমন | ১১৭ | ৫.২৩ | **FS,ShB,BLB, BS,SB& LR** | চেক জাত বিনা ধান ৭ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া যায়। | স্বল্প জীবনকাল | ৯টি পক্ষে ১টি বিপক্ষে |
| ২. | **NERICA Mutant** | ব্রি | আমন ও আউশ | ১১১ ১০৩ | ৩.৮৮ ৪.৫ | **FS,ShB,BLB, SB,LF&Rat** | চেক জাত ব্রি ধান৫৭ থেকে৭টিএবং ব্রি ধান৪৮ থেকে৮টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া যায়। 'DUSTest' ১ বছর সম্পন্ন করা হযেছে। | উভয় মৌসুমে উপযোগী | আমন-৬টি পক্ষে ৪টি বিপক্ষে আউশ-৮টি পক্ষে এবং ১টি ইঁদুর আক্রান্ত |
| ৩. | **BR7941-41-2-2-2-4** | ব্রি | আমন | ১৬৩ | ৫.০ | **ShB** | চেক জাত ব্রি ধান৪৪ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া যায়। | জোয়ার ভাটা অঞ্চলের জন্য উপযোগী | ৯টি পক্ষে এবং বিপক্ষে নাই |
| ৪. | **BR7941-116-1-2-1** | ব্রি | আমন | ১৫৪ | ৫.০২ | **ShB, BS** | চেক জাত ব্রি ধান৪৪ থেকে ২টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া যায়। | জোয়ার ভাটা অঞ্চলের জন্য উপযোগী | ৮টি পক্ষে ১টি বিপক্ষে |

**ক) HUA565 (প্রস্তাবিত ব্রি ধান৭৫):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত **HUA565**কৌলিক সারিটি আর্ন্তজাতিক ধান গবেষণা ইনস্টিটিউট, ফিলিপিনসে **Yuefengzhan** এবং **E-Zhong5** নামক জেনোটাইপ এর সাথে সংকরায়ন করে বংশানুক্রম সিলেকশনের (Pedigree Selection) মাধ্যমে উদ্ভাবিত।

উক্ত জাতটি ২০১৫-১৬ আমন মৌসুমে দেশের ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরিশাল, রাজশাহী, রংপুর ৭টি অঞ্চলের ১০ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৯টি স্থানে ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে ছাড়করণের বিপক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে । বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে চেক জাত বিনা ধান ৭ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে।ড. মোঃ আনসার আলী পরিচালক (গবেষণা), ব্রি জানান, জাতটির কান্ড বেশ শক্ত তাই হেলে পড়ে না এবং শীষ

থেকে ধানও ঝরে পড়ে না। ড. তমাল লতা আদিত্য, প্রধান,উদ্ভিদ প্রজনন বিভাগ ব্রি গাজীপুর বলেন,এ জাতের চাল লম্বা ও চিকন ,রান্নার পর সামান্য সুগন্ধ পাওয়া যায়। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : HUA565 কৌলিক সারিটি আমন মৌসুমে ব্রি ধান৭৫ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের সুপারিশ করা হলো।**

**খ) NERICA Mutant (প্রস্তাবিত ব্রি ধান৭৬):** ব্রি এর বর্ণনামতে, প্রস্তাবিত কৌলিক সারিটি **NERICA**-10 এর মাঠ হতে স্বতস্ফুর্ত মিউটেশনের (Spontaneous Mutation) ফলে উদ্ভাবিত নেরিকা মিউটেন্ট থেকে বিশুদ্ধ সারি (Pure line) নির্বাচনের মাধ্যমে উদ্ভাবিত। এ জাতটি রোপা আউশ ও রোপা আমন উভয় মৌসুমের জন্য উপযোগী।

উক্ত জাতটি ২০১৫-১৬ রোপা আউশ মৌসুমে দেশের ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, রংপুর ৫টি অঞ্চলের ৯ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৯টি স্থানের মধ্যে ৮টি স্থানে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। রোপা আমন মৌসুমে দেশের ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরিশাল, রাজশাহী, রংপুর ৭টি অঞ্চলের ১০ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৬টি স্থানে ছাড়করণের পক্ষে এবং ৪টি স্থানে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের বিপক্ষে সুপারিশ করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে রোপা আউশ মৌসুমে এবং রোপা আমন মৌসুমে **এক বছর** করে ডিইউএস (DUS Test) টেষ্ট সম্পাদন করা হয়েছে । প্রস্তাবিত জাতটি রোপা আমন মৌসুমে চেক জাত ব্রিধান ৫৭ থেকে ৭টি বৈশিষ্ট্যে এবং রোপা আউশ মৌসুমে ব্রি ধান ৪৮ থেকে ৮টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে। উল্লেখ্য,প্রস্তাবিত জাতের বৈশিষ্টের stability পরীক্ষার জন্য পর পর দুই বছর ,DUS Test, করা প্রয়োজন, তবে প্রস্তাবিত জাতটিতে ,DUS Test, একবছর সম্পন্ন করা হয়েছে।

ড. হোসনে আরা বেগম, পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ জানান যে, আমন মৌসুমে নেরিকা মিউট্যান্ট এ কিছু কিছু ক্ষেত্রে ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট এবং সীথ ব্লাইট রোগের প্রকোপ দেখা গেছে। এ লাইনটি ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট রোগের প্রতি কিছুটা সংবেদনশীল। ড. জাকির হোসেন, উপপরিচালক (সীড রেগুলেশন) বলেন, আবেদনকৃত নেরিকা মিউটেন্ট লাইনটির স্বপক্ষে মিউটেশনের আরও বৈজ্ঞানিক প্রমান উপস্থাপন করা প্রয়োজন ছিল। বৈজ্ঞানিক প্রমান হিসাবে Molecular ডাটাও উপস্থাপনের প্রয়োজন ছিল। এ প্রেক্ষিতে ড. তমাল লতা আদিত্য বলেন যে, নেরিকা মিউট্যান্ট লাইনটি "Farmers field Collection" হিসেবে আমাদের কাছে এসেছে এবং লাইনটি নেরিকা-১০ জাতের মাঠ থেকে সংগ্রহ করা হয়েছে বিধায় নেরিকা-১০ এর বিশুদ্ধ লাইন (Pure line) হিসাবে বিবেচনা করা যেতে পারে। তাছাড়া ড.এম আনসার আলী, পরিচালক (গবেষণা) ব্রি, জাতটি অত্যন্ত প্রতিশ্রুতিশীল বিধায় ছাড়করণের বিষয়ে সভায় জোর সুপারিশ করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : জাতের গুরুত্ব বিবেচনায় NERICA Mutant কৌলিক সারিটি আউশ এবং আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

**গ) BR7941-41-2-2-2-4 (প্রস্তাবিত ব্রি ধান৭৭):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি আইআর৭৫৮৬২-২০৮-৮-বি-বি-এইচআর১ এবং বিআর৬১১০-১০-১-২ এর সাথে সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত হয়। এ জাতটি জোয়ার ভাটা অঞ্চলের জন্য উপযোগী।

উক্ত জাতটি ২০১৫-১৬ আমন মৌসুমে দেশের বরিশাল অঞ্চলের ৯ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৯টি স্থানের মধ্যে ৯টি স্থানেই ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে । বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে চেক জাত ব্রি ধান ৪৪ থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে ।

**ঘ) BR7941-116-1-2-1 (প্রস্তাবিত ব্রি ধান৭৮):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি আইআর৭৫৮৬২-২০৮-৮-বি-বি-এইচআর১ এবং বিআর৬১১০-১০-১-২ এর মধ্যে সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত হয়। উক্ত সারিটি জোয়ারভাটা অঞ্চলের জন্য উপযোগী।

জাতটি ২০১৫-১৬ আমন মৌসুমে দেশের বরিশাল অঞ্চলের ৯ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৯টি স্থানের মধ্যে ৮টি স্থানে ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে ছাড়করণের বিপক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে । বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে চেক জাত ব্রি ধান ৪৪ থেকে ২টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্রতা পাওয়া গিয়েছে ।

ড. মোঃ আলমগীর হোসেন সিএসও এবং প্রধান ব্রি-বরিশাল, জাত দুইটির জোয়ার ভাটা এলাকার উপযোগীতা ব্যাখ্যা করেন। তিনি বিশেষ ভাবে উল্লেখ করেন যে, ব্রি কর্তৃক ছাড়কৃত জাত সমূহের মধ্যে জোয়ার ভাটা উপযোগী কোন উল্লেখযোগ্য জাত নেই। ফলে জাত দুইটি ছাড়করণের ব্যবস্থা করা হলে জোয়ার ভাটা এলাকার চাষীদের বিশেষ উপকার হবে। জনাব অশোক কুমার শর্মা, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, বরিশাল অঞ্চলে জোয়ারভাটা এলাকার জন্য উপযোগী নতুন জাতের প্রয়োজনীয়তা রয়েছে। এ জাতের ফলন বেশী এবং রোগ বালাইয়ের আক্রমন কম। তাই এ জাত ২ টি ছাড়করণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারি (BR7941-41-2-2-2-4) এবং (BR7941-116-1-2-1) যথাক্রমে ব্রি ধান৭৭ এবং ব্রি ধান৭৮ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

**বিবিধঃ আলুর জাত উন্নয়ন/ছাড়করণ ও নিবন্ধিকরন নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটি কর্তৃক প্রণয়নকৃত কর্মপরিকল্পনা ঃ**

জাতীয় বীজ বোর্ডের ৭৫ তম সভায় ডঃ মুহাম্মদ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, টিসিআরসি, বারি গাজীপুরকে আহবায়ক করে আলুর জাত উন্নয়ন/ছাড়করণ ও নিবন্ধিকরন নীতিমালা প্রণয়নের জন্য আট সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কিন্তু জাতীয় বীজ বোর্ডের ৮২ তম সভায় কমিটির আহবায়ক পরিবর্তন করে বিএআরসি' র সদস্য পরিচালক (শস্য) কে আহবায়ক এবং ডঃ মুহাম্মদ হোসেনকে সদস্য করা হয়। বিএআরসি' র সদস্য পরিচালক (শস্য) এর সভাপতিত্বে আলুর জাত উন্নয়ন/ছাড়করণ ও নিবন্ধিকরন নীতিমালা প্রণয়ন করে জাতীয় বীজ বোর্ডের সদস্য সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর দাখিল করা হয়। উক্ত কর্ম পরিকল্পণা বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী জাতীয় বীজ বোর্ডে উপস্থাপনের বিষয়ে অদ্যকার সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত : আলুর জাত উন্নয়ন/ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালার প্রণয়নকৃত কর্ম পরিকল্পণাটি পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

28/8/2016
(এস. এম. সিরাজুল ইসলাম)
পরিচালক
ও
সদস্য সচিব
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড
dir@sca.gov. bd

28/8/2016
(ড. আবুল কালাম আযাদ)
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ফার্মগেট, ঢাকা
ও
চেয়ারম্যান
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড